ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৪০৭

আগরতলা,২৮ এপ্রিল,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘৩০ ঘন্টা ধরে চেবরি হাসপাতাল বিদুৎ বিচ্ছিন্ন,’’ এই শিরোনামে গত ১৮ এপ্রিল, ২০২৫ রাষ্ট্রীয় কন্ঠ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই প্রসঙ্গে চেবরি প্রাথমিক হাসপাতাল থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, গত ১৭ এপ্রিল, ২০২৫ চেবরি হাসপাতালে বিদ্যুৎ বিভ্রাট ঘটে। তারপর এদিন হাসপাতালের সৌর বিদ্যুৎ এর মাধ্যমে প্রায় চার ঘন্টা যাবৎ রোগীদের পরিষেবা প্রদান করা হয়েছিল। কিন্তু বৃষ্টিপাতের কারণে সৌর বিদ্যুৎ-এর পাওয়ার ব্যাক-আপ না থাকায় সৌর বিদ্যুৎও বন্ধ হয়ে গিয়েছিল। এরপর গত ১৯ এপ্রিল, ২০২৫ সকাল নয় টা নাগাদ বিদ্যুৎ চলে আসে। রোগীদের স্বাস্থ্য পরিষেবা প্রদানের বিষয়ে কোন ব্যাঘাত ঘটেনি।

*****